দৈনিক ইত্তেফাক

তারিখ 06 MAR 2008
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

# মাধ্যমিক স্তরে শিক্ষকতা সার্টিফিকেট (STC) কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

## সময়কাল এপ্রিল-জুন-২০০৮

সূত্র নং-জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/১৬(৬১৮)/২০০৭/২/৬৯৯৩ তারিখ : ২০/০২/

**মাধ্যমিক স্তরে শিক্ষকতা সার্টিফিকেট কোর্সে ভর্তির আবেদনপত্র সংগ্রহের জন্য একজন প্রার্থীকে নিম্নবর্ণিত শর্তসমূহ পূরণ করতে হবে :**

১। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ও টিকিউআই প্রকল্প কর্তৃক বাছাইকৃত মাধ্যমিক স্তরের একটি স্কুলে শিক্ষকতায় নিয়োজিত থাকতে হ

২। শিক্ষাগত যোগ্যতা হিসেবে ন্যূনপক্ষে ডিগ্রী পাস হতে হবে এবং বি.এড ডিগ্রী বিহীন হতে হবে। ধর্ম ও কৃষি শিক্ষক, ফাজিল ও কামিল ডিগ্রী শিক্ষক, ডিপ্লোমাধারী কৃষি শিক্ষক এবং কম্পিউটার শিক্ষায় কর্মরত শিক্ষকগণ ৩ মাস মেয়াদী সেকেন্ডারী টিচিং সার্টিফিকেট (STC) কে ভর্তির আবেদন করতে পারেন। তবে শর্ত থাকে যে, (STC) কোর্সে পাসের ৫ বছরের মধ্যে যারা স্নাতক ডিগ্রী অর্জন করতে পারবেন তা শুধু অবশিষ্ট ৯ মাসের কোর্সে অংশগ্রহণ করে বি.এড ডিগ্রী অর্জনের সুযোগ পাবেন।

৩। যে প্রতিষ্ঠানে কর্মরত আছেন সে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক কোর্সে যোগদানের জন্য ছুটি মঞ্জুরীপত্র থাকতে হবে।

৪। শিক্ষাগত যোগ্যতার সনদসমূহের সত্যায়িত ফটোকপি ও ১ কপি ছবি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

**ভর্তি প্রক্রিয়ার সময়সূচি :**

১। ভর্তির শেষ তারিখ ২৪/০৩/০৮

২। ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ ২৫/০৩/০৮

৩। তিন কপি বিবরণীসহ ব্যাংক ড্রাফট, পূরণকৃত আবেদনপত্র ও RIF জমা দেয়ার শেষ তারিখ ৩১/০৩/০৮

৪। ক্লাশ শুরুর তারিখ ০১/০৪/০৮

৫। ফিস এর বিবরণ ও ভর্তির নীতিমালা :

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমের জন্য শিক্ষার্থী প্রতি ৫০/- (পঞ্চাশ) টাকা হারে জমা দিয়ে কলেজ থেকে সংগ্রহ করা যাবে। উক্ত (পঞ্চাশ) টাকার মধ্যে জনপ্রতি ২৫/- টাকা হারে সংশ্লিষ্ট কলেজ ভর্তি ব্যয় মিটানোর জন্য রাখবে এবং অবশিষ্ট জনপ্রতি ২৫/- টাকা : "সাধারণ ভর্তি ফান্ড" শিরোনামে সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা, এর বরাবরে ব্যাংক ড্রাফট করে সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হ

খ) রেজিস্ট্রেশন ফিস শিক্ষার্থী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-এর বরাবরে ব্যাংক ড্রাফট সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে।

গ) ফলাফল প্রক্রিয়াকরণ, সার্টিফিকেট লেখা, যাচাই, বাছাই স্বাক্ষরদান জনপ্রতি ১২৫/- (একশত পঁচিশ) টাকা হারে রেজিস্ট্রার, জা বিশ্ববিদ্যালয়, গাজীপুর-এর বরাবরে ব্যাংক ড্রাফট করে পরীক্ষা শাখা (প্রফেশনাল)-এ জমা দিতে হবে।

বিঃ দ্রঃ ক) নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই RIF, রেজিস্ট্রেশন বিবরণী: ব্যাংক ড্রাফট ও ভর্তি সংক্রান্ত অন্যান্য কাগজপত্র গ্রহণ হবে না। খ) এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-www.nu.edu.bd ও সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারের দ থেকে জানা যাবে।

**রেজিস্ট্রেশন ও অন্যান্য বিষয়ে করণীয় :**

১। ভর্তিকৃত প্রশিক্ষণার্থীদেরকে নির্ধারিত তথ্যাদি দ্বারা RIF (Registration Information Form) যথাযথভাবে পূরণ করতে হ বিবরণী ফরমে প্রশিক্ষণার্থীর পিতার নামের সঙ্গে মাতার নাম ইংরেজীতে উল্লেখ থাকবে। অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত ০৩ (তিন) কপি পাস আকারের ছবিসহ পূরণকৃত RIF, চার কপি ভর্তি বিবরণী ফরম, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি আবেদনপ সঙ্গে সংযুক্ত করতে হবে। RIF পূরণে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। সংশ্লিষ্ট প্রশিক্ষণ কলেজের অধ্যক্ষগণ বিষয়টি নিশ্চিত করার দায়ী থাকবেন।

২। ভর্তিচ্ছু প্রশিক্ষণার্থীদের রেজিস্ট্রেশন বাধ্যতামূলক। রেজিস্ট্রেশন প্রাপ্ত একজন প্রশিক্ষণার্থী এক বা একাধিক কোর্সে প্রথম পরীক্ষায় অকৃত হলে পরবর্তীতে শুধুমাত্র একবার পরীক্ষায় অংশগ্রহণের বাড়তি সুবিধা পাবে। এক্ষেত্রে শুধুমাত্র অকৃতকার্য কোর্সের পরীক্ষা দিতে হবে। অকৃত প্রশিক্ষণার্থীদেরকে কোনক্রমেই একের অধিক বাড়তি পরীক্ষায় অংশগ্রহণের সুবিধা দেয়া হবে না। ভর্তির জন্য আবেদন ফরম সংশ্লিষ্ট কা থেকে সংগ্রহ করা যাবে।

৩। ভর্তি বিবরণী ও RIF এর মধ্যে কোন প্রকার গরমিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীদের রেজিস্ট্রেশন কার্ড সরবরাহ করা হবে না। উদ্ভূত পরিস্থিতির জন্য সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে। উল্লেখ্য, রেজিস্ট্রেশন কার্ডই চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশ (Admit Card) বলে গণ্য হবে।

৪। রেজিস্ট্রেশন প্রাপ্তির ক্ষেত্রে শুধুমাত্র বিশ্ববিদ্যালয়ে প্রেরিত ভর্তি বিবরণীতে উল্লিখিত শিক্ষার্থীদের বিষয়টি বিবেচনা করা হবে। এ বি পরবর্তীতে কোন আপত্তি কিংবা পরিবর্তনের আবেদন গ্রহণ করা হবে না।

৫। প্রয়োজনবোধে বিস্তারিত তথ্যের জন্য বিশ্ববিদ্যালয়ের উপ-রেজিস্ট্রার অ্যাকাডেমিক মাস্টার্স শাখায় যোগাযোগ করা যেতে পারে।

**এপ্রিল-জুন-২০০৮, সময়কালে নিম্নোক্ত প্রতিষ্ঠানসমূহে ভর্তি হওয়া যাবে :**

১। সরকারী টিটি কলেজ, ঢাকা; ২। সরকারী টিটি কলেজ, ময়মনসিংহ (মহিলা); ৩। সরকারী টিটি কলেজ, ময়মনসিংহ (পুরুষ); ৪। সর টিটি কলেজ, ফরিদপুর; ৫। সরকারী টিটি কলেজ, রাজশাহী; ৬। সরকারী টিটি কলেজ, রংপুর; ৭। সরকারী টিটি কলেজ, পাবনা; ৮। সর টিটি কলেজ, চট্টগ্রাম; ৯। সরকারী টিটি কলেজ, কুমিল্লা; ১০। সরকারী টিটি কলেজ, ফেনী; ১১। সরকারী টিটি কলেজ, খুলনা; ১২। সর টিটি কলেজ, যশোর; ১৩। সরকারী টিটি কলেজ, সিলেট; ১৪। শহীদ আব্দুর রব সেরনিয়াবাত টিটি কলেজ, বরিশাল।

ড. এস এম আবু রায়হান
ডীন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়